অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/15/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 4 জুলাইয়ের ট্র্যাফিক নিরাপত্তা বলবৎকরণ ড্রাইভের ফলাফল ঘোষণা করলেন

স্টেট এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা 3 জুলাই থেকে 7 জুলাইয়ের মধ্যে 37,000 এর বেশি টিকেট প্রদান করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে 4 জুলাইয়ের ট্র্যাফিক নিরাপত্তা বলবৎকরণ ড্রাইভের ফলাফল ঘোষণা করেছেন। এই বছর ফোর্থ অফ জুলাই বলবৎকরণ ক্যাম্পেইনে স্টেট এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা 37,000 এর বেশি টিকেট প্রদান করেছে। ছুটির সপ্তাহান্তের অতিরিক্ত টহলের লক্ষ্য ছিলো বেপরোয়া এবং আগ্রাসী গাড়ি চালানো এবং এর মধ্যে সংযত অবস্থার চেকপয়েন্ট ছিলো। 3 জুলাই সন্ধ্যা 6টা থেকে 7 জুলাই মধ্যরাত পর্যন্ত চলমান বলবৎকরণ ক্যাম্পেইনের অর্থায়ন করে গভর্নরের ট্র্যাফিক নিরাপত্তা কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC)।

"দায়িত্ব গ্রহণের পর থেকে নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখা আমার শীর্ষ অগ্রাধিকার হয়ে আছে এবং এর মধ্যে রয়েছে রাস্তা থেকে বেপরোয়া এবং আগ্রাসী চালকদের অপসারণ করা," **গভর্নর হোকল বলেন।** "বন্ধু ও পরিবারের সাথে একত্রিত হওয়ার এই সময়ে আমরা আইন শৃঙ্খলা রক্ষাকারীদের সাথে একত্রে কাজ অব্যাহত রাখবো এবং নিউ ইয়র্কবাসীরা যাতে নিরাপদে উদযাপন করতে পারে তা নিশ্চিত করবো।"

নিউ ইয়র্ক স্টেট মোটরযান বিভাগের (New York State Department of Motor Vehicles, DMV) কমিশনার মার্ক জে এফ শ্রোডার বলেন, "ব্যস্ত এই যাত্রার সময় আমাদের হাইওয়েগুলি নিরাপদ রাখতে আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারগণ যেই কাজ করেছে তার জন্য আমরা গর্বিত। যদিও ক্যাম্পেইনটি শেষ হয়েছে, মোটরচালকদের সতর্ক থাকা উচিত যে আইন শৃঙ্খলা রক্ষাকারীরা সর্বদা জোরালোভাবে ট্র্যাফিক আইন বলবৎ করবে এবং চালকদের উচিত সারা বছরজুড়ে নিরাপদে গাড়ি চালানোর অনুশীলন অনুসরণ করা।"

স্টেট এবং স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারীরা 37,899টি টিকেট প্রদান করেছে। অ্যালকোহল বা মাদক গ্রহণ করে অসংযত অবস্থায় গাড়ি চালানোর অপরাধে মোট 1,227 জনকে দায়ী করা হয়েছে।

গত বছর, 4 জুলাইয়ের বলবৎকরণ সময়কালে স্টেটজুড়ে আইন শৃঙ্খলা রক্ষাকারীরা 35,104টি টিকেট প্রদান করে।

এই বছর স্টেট পুলিশ মাতাল হয়ে গাড়ি চালানোর জন্য 251 জনকে গ্রেফতার করেছে এবং অন্যান্য অপরাধে মোট 12,700টি টিকেট প্রদান করেছে। শ্রেণীবিভাগে রয়েছে: গতিসীমা লঙ্ঘন করার জন্য 4,248টি, সিটবেল্ট পরিধান না করার জন্য 1,315টি, অমনোযোগী অবস্থায় গাড়ি চালানোর জন্য 360টি, এবং মুভ ওভার আইন মান্য করতে ব্যর্থ হওয়ার জন্য 219টি।

নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সুপারিন্টেনডেন্ট স্টিভেন জি জেমস বলেন, "রাস্তা থেকে বেপরোয়া চালকদের অপসারণ করা ট্রুপারদের প্রতিদিনের অগ্রাধিকার, কিন্তু ছুটির সময় যখন উদযাপনে অ্যালকোহল যোগ হতে পারে তখন এটি আরো বৃদ্ধি পায়। আমাদের বার্তা স্পষ্ট - আপনি যদি মাতাল অবস্থায় গাড়ি চালান, আমরা আপনাকে গ্রেফতার করবো। আপনার নিরাপত্তাকে আপনার অগ্রাধিকার করুন এবং নিরাপদে বাড়ি ফেরার পরিকল্পনা আগে থেকে করে রাখুন।"

ক্যাম্পেইনে অন্যান্য আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিও অংশগ্রহণ করেছে, মাতাল অবস্থায় গাড়ি চালানো থেকে শুরু করে গতিসীমা লঙ্ঘন পর্যন্ত বিভিন্ন অপরাধে 24,729টি টিকেট প্রদান করেছে।

বলবৎকরণ ড্রাইভের সময় অন্যান্য এজেন্সি প্রদত্ত টিকেটের শ্রেণীবিভাগ নিম্নরূপ:

আইনের ধরন	**প্রদত্ত টিকেট**
অ্যালকোহল/মাদক	1,227
মনোযোগ বিক্ষিপ্ত অবস্থায় গাড়ি চালানো	1,253
মুভ ওভার আইন	441
সিট বেল্ট	2,905
অত্যাধিক গতিতে গাড়ি চালানো	9,316
অন্যান্য লঙ্ঘন	22,757
মোট	37,899

###